শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

বিষয় : ইউনিয়ন পরিষদে থোক বরাদ্দ প্রদান পদ্ধতি এবং অডিট ও কর্মদক্ষতা মূল্যায়ন পদ্ধতি প্রাতিষ্ঠানিকীকরণের কার্যক্রম সুষ্ঠু ও সফলভাবে পরিচালনায় অতিরিক্ত লোকবল ও ইকুইপমেন্ট-এর প্রয়োজনীয়তার সুপারিশ প্রদানের জন্য গঠিত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), স্থানীয় সরকার বিভাগ।
সভার স্থান	:	ভবন নং-০৭, কক্ষ নং-১০২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
সভার তারিখ ও সময়	:	১৪/০১/২০২১খ্রি:, বেলা ১১.০০ ঘটিকা।
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি কমিটির কার্যপরিধির বিষয়ে উপস্থিত সকলকে প্রাথমিক ধারণা দেন। সভাপতির অনুমতিক্রমে এলজিএসপি-৩ প্রকল্পের প্রকল্প পরিচালক প্রকল্পের পিএমইউসহ এর আওতাভুক্ত মাঠ পর্যায়ের মূল কার্যক্রম এবং কাজের পরিমাণ সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি উল্লেখ করেন যে, ফরমুলার ভিত্তিতে ইউনিয়ন পরিষদসমূহে অর্থ স্থানান্তর, বেসরকারি অডিট ফার্ম নিয়োগের মাধ্যমে ইউনিয়ন পরিষদসমূহ প্রতিবছর নিয়মিত অডিট করা, উপজেলা নির্বাহী কর্মকর্তাগণের মাধ্যমে প্রতিবছর ইউনিয়ন পরিষদসমূহের কর্মদক্ষতা মূল্যায়ন কার্যক্রম মনিটরিং, মাঠ পর্যায়ের কাজ মনিটরিং-এর জন্য এলজিএসপি প্রকল্পের আওতায় স্থাপিত এমআইএস সিস্টেম স্থানীয় সরকার বিভাগে ব্যবহার, মাঠ পর্যায়ের কার্যক্রম মনিটরিং অব্যাহত রাখা ইত্যাদি সুষ্ঠুভাবে প্রাতিষ্ঠানিকীকরণের জন্য অতিরিক্ত জনবলের প্রয়োজন হবে। সভাপতির অনুমতিক্রমে এলজিএসপি-৩ প্রকল্পের সিনিয়র লোকাল গভর্নমেন্ট স্পেশালিস্ট এলজিএসপি-৩ প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ের কার্যক্রমসমূহ বর্তমানে যেভাবে মনিটরিং করা হচ্ছে তা বিস্তারিতভাবে উপস্থাপন করেন।

০২। জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী, অতিরিক্ত সচিব (ইউপি) সভায় জানান যে, এলজিএসপি প্রকল্পের কার্যক্রম প্রাতিষ্ঠনিকীকরণ এবং এলজিএসপি প্রকল্পের সমাপ্তির পর মাঠ পর্যায়ে ইউনিয়ন পরিষদসমূহের কার্যক্রম মনিটরিং-এ একটা শুণ্যতা তেরী হবে যা সমাধানে এখন থেকেই প্রক্রিয়া শুরু করা দরকার। তিনি মাঠ পর্যায়ে মনিটরিং এবং ইউনিয়ন পরিষদেও প্রয়োজনীয় জনবলের ঘাটতি রয়েছে বলে জানান। অতিরিক্ত সচিব (অডিট) সভায় জানান যে, এলজিএসপি প্রকল্পের সমাপ্তির পর মাঠ পর্যায়ে ইউনিয়ন পরিষদসমূহের কার্যক্রম মনিটরিং-এ টেকনিক্যাল জনবলের প্রয়োজন হবে। সভাপতি উক্ত সভায় মাঠ পর্যায়ের বিশেষ করে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে প্রয়োজনীয় জনবলের সুপারিশ করার জন্য সকল সদস্যকে অনুরোধ জানান।

০৩। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩.১ ইউনিয়ন পরিষদের কাজের ধরন ও পরিমাণ বিবেচনায় ইউনিয়ন পরিষদে প্রয়োজনীয় জনবলের তুলনায় বর্তমানের জনবল অপ্রতুল বিধায় ইউনিয়ন পরিষদের কার্যক্রম যেমনঃ পঞ্চবার্ষিক পরিকল্পনা, বার্ষিক উন্নয়ন পরিকল্পনা, উন্নয়ন প্রকল্প/কর্মসূচি প্রণয়ন, ব্যয় প্রাক্কলন ও ডিজাইন তৈরী ইত্যাদি কার্যক্রমে ইউনিয়ন পরিষদকে সার্বক্ষনিকভাবে সহায়তার জন্য নিম্নবর্ণিত পদগুলো সৃজনের সুপারিশ করা যেতে পারে:

(১) কার্য সহকারী

(২) অফিস সহায়ক

৩.২ ইউনিয়ন পরিষদের কাজ সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য মনিটরিং-এর কোন বিকল্প নেই। অন্যদিকে পঞ্চবার্ষিক পরিকল্পনা, বার্ষিক উন্নয়ন পরিকল্পনা, উন্নয়ন প্রকল্প/কর্মসূচি প্রণয়ন ইত্যাদি কাজে সার্বক্ষনিক পরামর্শ প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগের অধীনে উপজেলা পর্যায়ে বর্তমানে কোন জনবল নেই। ফলে, পঞ্চবার্ষিক পরিকল্পনা, বার্ষিক উন্নয়ন পরিকল্পনা, উন্নয়ন প্রকল্প/কর্মসূচি প্রণয়ন ইত্যাদি কাজে সার্বক্ষনিক পরামর্শ প্রদান, উন্নয়ন প্রকল্প/কর্মসূচির ব্যয় প্রাক্কলন ও ডিজাইন সংশোধন ও অনুমোদন, ইউনিয়ন পরিষদের কাজ সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য মনিটরিং ইত্যাদি কাজের জন্য উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার অধীনে নিম্নবর্ণিত পদগুলো সৃজনের সুপারিশ করা যেতে পারে:

(১) উপসহকারী প্রকৌশলী

(২) কার্য সহকারী

(৩) অফিস সহায়ক

৩.৩ বর্তমানে প্রকল্পের আওতায় চুক্তি ভিত্তিক নিয়োগকৃত ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটরগণ সংশ্লিষ্ট জেলার উপপরিচালক স্থানীয় সরকার-এর তত্বাবধানে জেলার এলজিএসপি সংক্রান্ত সকল কার্যকম মনিটরিং করে থাকে। এলজিএসপি প্রকল্প সমাপ্তির পর স্থানীয় সরকার বিভাগের অধিনে প্রকল্প সংশ্লিষ্ট কার্যক্রম চলমান থাকলেও ঐসকল কার্যক্রম মনিটরিং-এর জন্য জেলা পর্যায়ে কোন জনবল নেই। স্থানীয় সরকার বিভাগের অধিনে পরিচালিত ইউনিয়ন পরিষদ তথা সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কাজ যথাযথ মনিটরিং-এর জন্য উপপরিচালক স্থানীয় সরকার-এর অধিনে জেলা পর্যায়ে নিম্নবর্ণিত পদগুলো সৃজনের সুপারিশ করা যেতে পারে:

(১) মনিটরিং ও মূল্যায়ন কর্মকর্তা

(২) কার্য সহকারী

(৩) অফিস সহায়ক

০৪। অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩১.০১.২০২১

(মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ও
সভাপতি, প্রাতিষ্ঠানিকীকরণের কার্যক্রম সুষ্ঠু ও সফলভাবে পরিচালনায় অতিরিক্ত লোকবল ও ইকুইপমেন্ট-এর প্রয়োজনীতার সুপারিশ প্রদানের জন্য গঠিত কমিটি
ফোনঃ ৯৫৭৩৭৭৯

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.৯৯.০১৪.১৮ (অংশ-১)- ১৬৯

তারিখ : ১৭ মাঘ ১৪২৭ / ৩১ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (ইউপি/অডিট), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। প্রকল্প পরিচালক, লোকাল গভর্ণ্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩),সিটি সেন্টার, মতিঝিল, ঢাকা।

৩। উপসচিব (ইউপি-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সিনিয়র সহকারী সচিব (ইউপি-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। সিনিয়র লোকাল গভর্ণমেন্ট স্পেশালিষ্ট, এলজিএসপি-৩, সিটি সেন্টার, মতিঝিল, ঢাকা।

৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০। অফিস কপি।

৩১/১/২১

(মো: আকবর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪১৯০
up2lgd@gmail.com